পাবনায় চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত

পাবনায় চিত্রাংকন
প্রতিযোগিতা অনুষ্ঠিত

শহর প্রতিনিধি : আজ শনিবার (২৭ আগস্ট) বীর মুক্তিযোদ্ধা রফিকুল ইসলাম বকুল পৌর মিলনায়তনে বিকেল ৩টা থেকে শহরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিয়ে রচনা, কবিতা আবৃত্তি ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করে।

পাবনা জেলা বঙ্গবন্ধু ও জাতীয় চার নেতা স্মৃতি পরিষদ আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা আওয়ামী লীগের উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা বঙ্গবন্ধু ও জাতীয় চারনেতা স্মৃতি পরিষদের সভাপতি আ.স.ম আব্দুর রহিম পাকন।

উপস্থিত ছিলেন সংগঠনের সহ-সভাপতি মোল্লা কফিল উদ্দিন, সংগঠনের সাধারণ সম্পাদক এ্যাড. শাহ আলম, অর্থ বিষয়ক সম্পাদক প্রলয় চাকী, তথ্য বিষয়ক সম্পাদক রফিকুল ইসলাম সুইট, ধর্ম বিষয়ক সম্পাদক হাফেজ মো. আব্দুল আজিজ, কামরুজ্জামান রকি, মিজান, নয়ন, আতিকসহ অন্যান্য নেতৃবৃন্দ।

অনুষ্ঠানটির সার্বিক পরিচালনায় ছিলেন অধ্যাপক নীহার আফরোজ জলি।